# নির্বাচন বাধায় যেকোনো অপচেষ্টা রুখে দিন: উপদেষ্টা ফাওজুল




সংগৃহীত ছবি

সড়ক পরিবহন, সেতু এবং বিদ্যুৎ ও জ্বালানি উপদেষ্টা ফাওজুল কবির খান বলেছেন, যারা নির্বাচনী প্রক্রিয়াকে বাধাগ্রস্ত বা বিকৃত করতে চায়, তাদের কোনো সুযোগ দেওয়া হবে না। তিনি বলেন, "একটি অংশগ্রহণমূলক ও শান্তিপূর্ণ নির্বাচন করতে হবে। জনগণ যে প্রার্থীকে বেছে নেবে, আমরা তার পাশে দাঁড়াবো।"

শনিবার (৬ ডিসেম্বর) নরসিংদীর পাঁচদোনা-ডাঙ্গা সড়কের নামফলক উন্মোচন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। নয় কিলোমিটার দীর্ঘ আধুনিক ছয় লেনের এই সড়কটি মুক্তিযোদ্ধা বীর প্রতীক সিরাজ উদ্দিন আহমদের (নেভাল সিরাজ) নামে উৎসর্গ করা হয়।

ফাওজুল কবির বলেন, "ভিন্নমতের কারণে নেভাল সিরাজের মতো দেশপ্রেমিককে প্রাণ দিতে হয়েছিল। আমরা সাংস্কৃতিক, রাজনৈতিক ও অর্থনৈতিক বিশৃঙ্খলা দূর করে প্রকৃত মুক্তিযোদ্ধাদের সম্মান ফিরিয়ে আনবো।"

LENS ASIA

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব ড. মো. জিয়াউল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক উপদেষ্টা বীর প্রতীক ফারুক ই-আজম, প্রধান উপদেষ্টার মুখ্য সচিব এম সিরাজ উদ্দিন মিয়া, নরসিংদীর জেলা প্রশাসক মোহাম্মদ আনোয়ার হোসাইনসহ আরও অনেকে।

উপদেষ্টা ফারুক ই-আজম বলেন, "মুক্তিযোদ্ধাদের বিভাজন টিকিয়ে রাখতে চাই না। একে অপরের বিরুদ্ধে লেগে থাকলে আমাদের এগিয়ে যাওয়া সম্ভব নয়। ঐক্যের মাধ্যমেই অন্ধকার থেকে বেরিয়ে আসা যাবে।"